ঝিনাইদহে বিট পুলিশিং কার্যক্রম শুরু

“মুজিববর্ষের অঙ্গিকার পুলিশ হবে জনতার” এ শ্লোগান নিয়ে ঝিনাইদহে বিট পুলিশ কার্যক্রম শুরু হয়েছে। রোববার সকালে শহরের ব্যপারী পাড়ায় বিট পুলিশিং কার্যক্রমের উদ্বোধন করেন পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান।

উদ্বোধন শেষে সারাদেশে করোনায় পুলিশ সদস্যসহ যারা মারা গেছে তাদের আত্মার মাগফেরাত কামনা করা হয়। এসময় পুলিশ বিভাগের কর্মকর্তা, সাংবাদিক, সুশীল সমাজের প্রতিনিধিসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

এসময় পুলিশ সুপার মোঃ হাসানুজ্জামান জানান, জেলার ৬টি উপজেলায় মোট ৮৫টি বিট পুলিশিং কার্যালয় খোলা হবে। পুলিশী সেবা মানুষের দোড় গড়াই পৌঁছে দেবার লক্ষ্যে বিট পুলিশিং কার্যক্রম চালু করা হচ্ছে। প্রতিটি বিট পুলিশিং অফিসে একজন এস আই, একজন এএসআই ও তিনজন করে কনস্টেবল খাকবে।

তারা মানুষের কাছ থেকে অভিযোগ গ্রহন করবে। তারপর আইনী ব্যবস্থা নেওয়া হবে। মানুষ দ্রুত পুলিশী সেবা পাবে বলে তিনি আরো জানান।

দামুড়হুদায় ওয়ারেন্টভুক্ত আসামী আক্তারুল আটক

দামুড়হুদা থানা পুলিশের ঝটিকা অভিযানে সিআর ওয়ারেন্টভুক্ত আসামী আক্তারুল ইসলাম ওরফে বাবুকে আটক করেছে দামুড়হুদা থানা পুলিশ।

মঙ্গলবার (২১ জুলাই) মধ্যরাতে আটক করেছে পুলিশ। আটককৃত আক্তারুল ইসলাম বাবু দামুড়হুদা উপজেলার চন্দ্রবাস গ্রামের মো: কাদের বিশ্বাসের ছেলে।

পুলিশ সূত্র জানা- গেছে, দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সুযোগ্য পুলিশ অফিসার ইনর্চাজ ওসি মো: আব্দুল খালেক এর নেতৃত্বে এ এসআই সাঈদজ্জামান, এ এস আই মো: মুজিবর রহমান সঙ্গীয় ফোর্সসহ, গোপন সংবাদের ভিত্তিতে নিজ বাড়ী চন্দ্রবাস গ্রামে অভিযান চালিয়ে আটক করেছেন পুলিশ।

আটককৃত আক্তারুল ইসলামের দামুড়হুদা থানার একটি সিআর মামলায় আদালত তাকে ওয়ারেন্টভুক্ত গ্রেফতারী পরোয়ানা দেয়। দামুড়হুদা মডেল থানা পুলিশের একটি দল মঙ্গলবার মধ্যরাতে নিজ বাড়ি অভিযান চালিয়ে তাকে আটক করে।

দামুড়হুদা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল খালেক জানান।

কুষ্টিয়ায় ট্রাক চাপায় পুলিশ সদস্যের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুরে ট্রাক চাপায় রাশেদুজ্জামান তন্ময় (৪৫) নামক এক পুলিশ সদস্যের মৃত্যু হয়েছে।

বুধবার দুপুরে কুষ্টিয়া-রাজশাহী মহাসড়কের বহলবাড়িয়া নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

নিহত রাশেদুজ্জামান তন্ময় পাকশী রেলওয়ে সার্কেল অফিসার হিসেবে দায়িত্ব পালন করতেন। সে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার রিফাইতপুর এলাকার মনিরুজ্জামানের ছেলে।

মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবুল কালাম জানান, দুপুরের দিকে অফিসিয়াল কাজে মোটরসাইকেলযোগে কুষ্টিয়া শহরের দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে বহলবাড়ীয়া নামক স্থানে একটি ট্রাক তাকে চাপা দিলে ঘটনাস্থলেই মারা যান। লাশ উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছ।

পুলিশের উর্দ্ধতন কর্মকর্তারা ঘটনাস্থল রয়েছেন বলেও জানান তিনি।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

এসময় তিনি বলেন করোনা ভাইরাস প্রতিরোধে আমাদের কে শত ভাগ মাস্ক পরিধান করতে হবে।

মেহেরপুর জেলাবাসী যেনো ভালো থাকে সুস্থ থাকে তারই জন্য প্রথম থেকেই জেলা পুলিশ জনসাধারণকে সতর্ক করে আসছে।

তারই পরিপ্রেক্ষিতে আজ আমরা জনসাধারণকে সচেতন করার পাশাপাশি শতভাগ মাস্ক পরিধান নিশ্চিত করণের লক্ষে মাস্ক বিতরণ করছি।

এ সময় আরো উপস্থিত ছিলেন ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল হোসেন, আব্দুল্লাহ, জাহাঙ্গীর প্রমুখ।

চুয়াডাঙ্গার ভালাইপুর বাজারে স্থাপন হচ্ছে পুলিশ ক্যাম্প

সকল জল্পনা-কল্পনার অবসান ঘটিয়ে দীর্ঘ ১০ বছর চেষ্টার পরে চুয়াডাঙ্গা জেলার ভালাইপুর বাজারে পুলিশ ক্যাম্প স্থাপন হতে যাচ্ছে।

গতকাল সোমবার সকাল সাড়ে ৯ ঘটিকার সময় চুয়াডাঙ্গা জেলার ভালাইপুর বাজারে, ভালাইপুর মোড় বাজার কমিটির উদ্যোগে পুলিশ ক্যাম্প নিয়ে এক আলোচনা সভার আয়োজন করা হয়।

বাজার কমিটির সভাপতি জনাব আমির হোসেনের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সদও থানার ওসি তদন্ত লুৎফর কবির।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাবেক ১৪ নং চিৎলা ইউপি চেয়ারম্যান জনাব জিল্লুর রহমান, ইসলাম উদ্দিন চেয়ারম্যান, আব্দুস সালাম বিপ্লব চেয়ারম্যান, সৌরভ হোসেন চেয়ারম্যান, আসাদুজ্জামান কবির, আসাদুজ্জামান সুজন।

অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, ভালাইপুর মোড় দোকান মালিক সমিতির সদস্যবৃন্দ ও ব্যবসায়ীরা।

প্রধান অতিথি বলেন, প্রায় এক বিঘা জমির উপরে এই পুলিশ ক্যাম্প স্থাপন করা হবে। ক্যাম্পের কার্যক্রম এই বছরের ভিতর শুরু করা হবে। ক্যাম্প স্থাপন হলে এলাকার ব্যবসায়ী ও সাধারণ মানুষের নিরাপত্তা দেওয়া সম্ভব হবে।

উল্লেখ্য, ভালাইপুর বাজারটি চুয়াডাঙ্গা জেলার পশ্চিমাঞ্চলের সবচেয়ে জনবহুল এলাকা। এ বাজারে প্রায় পঞ্চাশটি গ্রামের লোক সমবেত হয়। কেউবা জীবিকার তাগিদে, কেউ বা ব্যবসায়ীক কাজে।

এই বাজারে প্রতিদিন প্রায় কোটি টাকার লেনদেন হয়। প্রায় ৫০০ টির ও বেশি দোকানে রয়েছে। সরকারি-বেসরকারি ব্যাংক রয়েছে চারটে। স্কুল কলেজ রয়েছে। অথচ এই বাজারে নিরাপত্তা কোন ব্যবস্থা নেই। যার কারণে ব্যবসায়ীরা হতাশা ও আতঙ্কের ভিতরে থাকে। অবশেষে ব্যবসায়ীরা অসার মুখ দেখছে ভালাইপুর বাজারে পুলিশ ক্যাম্প হওয়ার খবরে।

মেহেরপুর জেলা পুলিশের করোনা প্রচারণা অভিযান

করোনা ভাইরাস সম্পর্কে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মেহেরপুর জেলা পুলিশ অভিযান পরিচালনা করেছে।

রবিবার বিকেল ৪ টার সময় ইন্সপেক্টর একরামুল এর র্নিদেশনায় হোটেল বাজার সহ শহরের বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করা হয় ।

এ সময় ইন্সপেক্টর একরামুল বলেন, করোনা মোকাবেলায় যে সকল পথচারী, ইজিবাইক ও রিকশা গুলোতে স্বাস্থ্যবিধি মানছে কি না সেই দিকে আমরা লক্ষ রাখছি ও কেউ যেনো মাস্ক ছাড়া বাইরে না আসে, তার জন্য আমরা প্রতিনিয়ত অভিযান চালিয়ে যাচ্ছি।

এসময় উপস্থিত ছিলেন ট্রাফিক ইন্সপেক্টর ইসমাইল, এটিএস মফিজুল ইসলাম প্রমুখ।

কুষ্টিয়ায় ফুটবল খেলা নিয়ে বিরোধে প্রকাশ্য দিবালোকে প্রতিপক্ষের ছুরিকাঘাতে কিশোর খুন

কুষ্টিয়ায় ফুটবল খেলা নিয়ে বিরোধের জেরে প্রতিপক্ষের ছুরিকাঘাতে তরিকুল ইসলাম (১৭) নামে এক কিশোর খুন হয়েছে। গতকাল শুক্রবার বিকেল সাড়ে ৫টার দিকে কুষ্টিয়া শহরের থানা পাড়া পুলিশ ক্লাব সংলগ্ন খেলার মাঠে এ ঘটনা ঘটে। নিহত তরিকুল শহরের চর কুঠিপাড়ার কামু আলীর ছেলে।

পুলিশ ও প্রত্য¶দর্শীরা জানান, স্থানীয় যুবকÑকিশোররা প্রতিদিনের মত বিকেলে ওই মাঠে ফুটবল খেলছিল। এ সময় চর থানা পাড়ার আব্দুস সালামের ছেলে মিনারুল ইসলামের সঙ্গে তুচ্ছ ঘটনা নিয়ে তরিকুলের কথা কাটাকাটি হয়। এক পর্যায়ে মিনারুল তার পকেটে থাকা ছুড়ি বের করে তরিকুলের শরীরে উপর্যপুরি আঘাত করে পালিয়ে যায়।

এতে তরিকুল মাটিতে লুটিয়ে পড়লে, স্থানীয়রা গুরুতর আহত তরিকুলকে কুষ্টিয়া ২৫০ শয্যা জেনারেল হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে। স্থানীয়দের অনেকেই এ ঘটনাকে স্থানীয় কিশোর গ্যাং এর কাজ বলে মন্তব্য করছেন।

কুষ্টিয়া মডেল থানার ওসি গোলাম মোস্তফা জানান, ঘটনার পর থেকে হত্যাকান্ডের হোতা মিনারুল পলাতক রয়েছে। তাকে গ্রেফতারে অভিযান চলছে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]